দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL...24 1999
পৃষ্ঠা: ৩ কলাম ২

48

### জামায়াতের কেন্দ্রীয় মজলিসে শূরার বৈঠক

# স্কুল কলেজ ভার্সিটি বন্ধ না করলেও সরকার মাদ্রাসা বন্ধের ক্ষেত্রে অভিযান চালাচ্ছে

প্রেস বিজ্ঞপ্তি ঃ জামায়াতে ইসলামী বাংলাদেশের কেন্দ্রীয় মজলিসে শূরার বৈঠক গত বৃহস্পতিবার ঢাকায় শেষ হয়েছে। বৈঠকে সরকার কর্তৃক অব্যাহতভাবে দেশের মাদ্রাসা বন্ধের সিদ্ধান্তের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে নিম্নোক্ত প্রস্তাব গৃহীত হয়। 'শতকরা ৯০ ভাগ মুসলিম অধ্যুষিত বাংলাদেশে সরকার ইসলামের শিকড় কাটার ষড়যন্ত্রের অন্যতম পদক্ষেপ হিসেবে অব্যাহতভাবে মাদ্রাসা বন্ধ করে চলেছে। একশ্রেণীর নাস্তিক বুদ্ধিজীবী ও আমলার উস্কানীতে সরকারের এহেন ইসলামবিরোধী পদক্ষেপে মজলিসে শূরা তীব্র নিন্দা ও কঠোর প্রতিবাদ জানাচ্ছে।

প্রস্তাবে বলা হয়, সরকার মাদ্রাসা শিক্ষার সাথে অব্যাহতভাবে বিমাতাসুলভ আচরণ করে চলেছে। ছোট-খাটো দোষত্রুটির অজুহাতে কোন স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় বন্ধ না করা হলেও মাদ্রাসা বন্ধের ক্ষেত্রে সরকার এক অভিযান চালাচ্ছে। অথচ গরীব এই দেশে সরকারের নিকট থেকে সামান্য সহযোগিতা নিয়ে হলেও ধর্মপ্রাণ জনগণের সহযোগিতার মাধ্যমেই সাধারণ মানুষ মাদ্রাসার মাধ্যমে ইসলামের আলো জ্বালিয়ে রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছে। এই অবস্থায় বাংলাদেশের জনগণ সরকারের মাদ্রাসা বন্ধের সিদ্ধান্ত কোনক্রমেই মেনে নেবে না। জামায়াতের কেন্দ্রীয় মজলিসে শূরার অভিমত, 'সরকারের উচিত মাদ্রাসা বন্ধের সিদ্ধান্ত অবিলম্বে বাতিল করা এবং যেসব মাদ্রাসার অনুমোদন বাতিল করা হয়েছে অবিলম্বে সেসব মাদ্রাসার অনুমোদন বহাল করা। সরকার মাদ্রাসা শিক্ষার ব্যাপারে এ ধরনের গণবিরোধী সিদ্ধান্ত অব্যাহত রাখার কারণে বিক্ষুব্ধ ধর্মপ্রাণ জনগণের পক্ষ থেকে যদি কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হয়, তাহলে তার দায়-দায়িত্ব সরকারকেই বহন করতে হবে।